

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(বেঞ্চ শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং : ০১

তারিখঃ ১৬/০৬/২০২২ ইং

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের দৈনিক কজলিস্টের বরাদ্দপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবীগণের সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন মেম্বারশীপ নম্বর বেঞ্চ শাখায় সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) বেঞ্চ শাখা হতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সম্মানিত বরাদ্দপ্রাপ্ত আইনজীবীগণ তাদের নির্ধারিত প্রতিনিধিদের মাধ্যমে সংগ্রহ করে থাকেন। কিন্তু এই বরাদ্দপ্রাপ্ত আইনজীবীগণের মধ্যে কিছু সংখ্যক আইনজীবীর বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন মেম্বারশীপ নম্বর বেঞ্চ শাখায় সংরক্ষিত থাকলেও, অবশিষ্ট আইনজীবীগণের মেম্বারশীপ নম্বর সংরক্ষিত নেই। উক্ত মেম্বারশীপ নম্বর প্রদানের জন্য বারবার আইনজীবীগণের প্রতিনিধিদের মাধ্যমে জানানো হলেও তা সরবরাহ করা হয়নি। ফলে সুষ্ঠুভাবে কজলিস্ট বিতরণ ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায়, আগামী ২৩/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে বরাদ্দপ্রাপ্ত আইনজীবীগণের মধ্যে যাদের মেম্বারশীপ নম্বর বেঞ্চ শাখায় সরবরাহ করা হয়নি তাদের বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন মেম্বারশীপ নম্বর বেঞ্চ শাখায় প্রদানপূর্বক কজলিস্ট সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
ফোন : ০২২২৩৩৮৬৮২৬

স্মারক নং - ৫২১৬(৬)

তারিখ : 16 06 22

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট/আপীল বিভাগ, ঢাকা।
২. সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন (আইনজীবীগণের জ্ঞাতার্থে নোটিশ প্রচারের অনুরোধ সহ)।
৩. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৫. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

Sanjida Sarwar

(সানজিদা সরওয়ার)

সহকারী রেজিস্ট্রার (বেঞ্চ ও ডিক্রী)

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

ফোন : ০২২২৩৩৫৩৫০